

মিউজু বাসের ভবিষ্যৎ পরিকল্পনা

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মূল লক্ষ্য হল বিজ্ঞান মনস্ক জাতি গঠন করা তথা বিজ্ঞানকে জনপ্রিয় করা। বর্তমানে বিজ্ঞান জাদুঘরে ভ্রাম্যমাণ বিজ্ঞান গ্যালারি হিসেবে একটিমাত্র মিউজু বাস রয়েছে। সমাজের বিভিন্ন স্তর (শিক্ষার্থীবৃন্দ,শিক্ষকগণ,বিজ্ঞানকর্মীবৃন্দ থেকে জাতীয় সংসদের মাননীয় সদস্যগণ) থেকে বিভিন্ন সময়ে বিভিন্নভাবে মিউজু বাসের সংখ্যা বাড়ানোর তাগিদ দিয়ে আসছেন। ফলতঃ ব্যাপক চাহিদার প্রেক্ষিতে ২০১৭-১৮ থেকে ২০১৮-১৯ অর্থ বছর মেয়াদী শিক্ষা কার্যক্রম সম্প্রসারণের লক্ষে একটি ডিপিপি প্রণয়ন করা হয়েছে ; বাস্তবায়িত হলে অতিরিক্ত ৪টি মিউজু বাস সংযোজিত হবে। ফলে বিজ্ঞানের আরো অনেক বিষয়াবলী এতে অন্তর্ভুক্ত হবে। তাছাড়া আরও তিনটি মুভি বাসও সংযোজিত হবে। ঢাকা শহরের শিক্ষার্থীদের আনয়নের জন্য আরও তিনটি পরিবহন বাস সংযোজিত হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে বিজ্ঞান জাদুঘরের ভ্রাম্যমাণ পরিষেবা অনেকাংশে বৃদ্ধি পাবে।